# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 07 May, 2025

চট্টগ্রাম নগরীর চান্দগাঁও র‍্যাব-৭ ক্যাম্পে সিনিয়র সহকারী পুলিশ সুপার (এএসপি) পলাশ সাহার গুলিবিদ্ধ মরদেহ উদ্ধার করা হয়েছে।বুধবার (৭ মে) দুপুরে তার মরদেহ উদ্ধার করা হয়।

র‍্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া শাখার পরিচালক উইং কমান্ডার এম জেড এম ইন্তেখাব চৌধুরী বিষয়টি নিশ্চিত করেছেন।তিনি জানান, এএসপি পলাশ সাহার মরদেহ উদ্ধার করা হয়েছে। তবে তার মৃত্যুর কারণ এখনো নিশ্চিতভাবে জানা যায়নি।ময়নাতদন্তের জন্য মরদেহ চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

এদিকে, মরদেহের পাশে একটি চিরকুট পাওয়া গেছে বলে জানা গেছে।চিরকুটে এএসপি পলাশ সাহা লিখেছেন, ‘আমার মৃত্যুর জন্য মা এবং বউ- কেউ দায়ী না।আমিই দায়ী।কাউকে ভালো রাখতে পারলাম না।বউ যেন সব স্বর্ণ নিয়ে যায় এবং ভালো থাকে।মায়ের দায়িত্ব দুই ভাইয়ের ওপর।তারা যেন মাকে ভালো রাখে।স্বর্ণ বাদে যা আছে তা মায়ের জন্য।দিদি যেন কো-অরডিনেট করে।

এএসপি পলাশ সাহা এর আগে পুলিশের বিশেষ শাখায় (এসবি) কর্মরত ছিলেন।সম্প্রতি তিনি র‍্যাব-৭ এ বদলি হয়েছিলেন।

র‍্যাব গুলিবিদ্ধ মরদেহ উদ্ধার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 03:39

URL: https://timestodaybd.com/chittagong/5423082099